Vol. 132 Issue 165


Chattagram Maa-O-Shishu Hospital

# Bulletin

October - December 2012

For Internal Circulation Only

প্রস্তাবিত - চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল




## চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতালে নিম্নবর্ণিত চিকিৎসাসেবা সমূহ বিদ্যমান :

### বহির্বিভাগ

১. মেডিসিন
২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী
৮. ইউরোলজি
৯. অবস এন্ড গাইনী
১০. নাক-কান-গলা
১১. চক্ষু
১২. চর্ম ও যৌন রোগ
১৩. মানসিক রোগ
১৪. দন্ত
১৫. ফিজিক্যাল মেডিসিন
১৬. পরিবার পরিকল্পনা
১৭. ডটস কর্নার (যক্ষা রোগীদের বিনামূল্যে চিকিৎসা ও ঔষধ প্রদান)
১৮. ইপিআই
১৯. বিশেজ্ঞ চিকিৎসকগণের কনসাল-টেন্সি সার্ভিস
২০. ২৪ ঘন্টা ইমার্জেন্সি সার্ভিস
২১. ইভিনিং আউটডোর সার্ভিস

### বিশেষায়িত সেবা

১. হেমোডায়ালাইসিস ইউনিট (কিডনী রোগীদের ডায়ালাইসিস সেবা)
২. এডাল্ট আইসিইউ ও সিসিইউ সার্ভিস
৩. পেডিয়েট্রিক্স আইসিইউ ও নিউনেটাল আইসিইউ সার্ভিস
৪. ল্যাপারোস্কোপিক সার্জারী
৫. ইউরোলজি সার্জারী
৬. পেডিয়েট্রিকস্ ল্যাপারোস্কোপিক
৭. প্লাষ্টিক সার্জারীসহ শিশু সার্জারী বিভাগের সকল জটিল অপারেশন
৮. শারীরিক ও মানসিক প্রতিবন্ধি শিশুদের চিকিৎসা সেবার জন্য শিশু বিকাশ কেন্দ্র
৯. এ্যাজমা সেন্টার
১০. ডায়বেটিক ও হাইপারটেনশন ক্লিনিক
১১. সাব-স্পেশালিটি ক্লিনিক ইত্যাদি
১২. পেরিটোনিয়াল ডায়ালাইসিস সার্ভিস
১৩. ক্লাব ফুট সার্ভিস

### ব্লাড ব্যাংক

১. ২৪ ঘন্টা ব্লাড ট্রান্সফিউশন সার্ভিস
২. থেলাসেমিয়া রোগীদের সার্বক্ষণিক রক্ত দেয়ার ব্যবস্থা

### আন্তঃ বিভাগ

১. মেডিসিন ২. শিশু স্বাস্থ্য
৩. নিউনেটলজি
৪. শিশু নিউরোলজি
৫. জেনারেল সার্জারী
৬. অর্থোপেডিক সার্জারী
৭. শিশু সার্জারী ৮. ইউরোলজি
৯. নেফ্রলোজি
১০. অবস্ এন্ড গাইনী
১১. নাক-কান-গলা ১২. চক্ষু

### আধুনিক ডায়গনষ্টিক সার্ভিস

১. কালার ডপলার
২. ইকোকার্ডিওগ্রাফি
৩. আল্ট্রাসনোগ্রাফি
৪. ভিডিও এন্ডোসকপি
৫. এক্সরে
৬. ই.সি.জি
৭. ক্লিনিক্যাল প্যাথলজি
৮. বায়োকেমিস্ট্রি
৯. মাইক্রোবায়োলজি
১০ হিষ্টোপ্যাথলজি
১১. সাইটোপ্যাথলজি

# President's Corner

## *OUR DREAM PROJECT*

Our present situation is four-in-one. We have (1) CMOSH Administrative, Management & Engineering Section, (2) Chattagram Maa-Shishu O General Hospital (CMSGH) (3) CMOSH Medical College and (4) CMOSH Institute of Child Health-all in one building. CMOSH Nursing Institute is of course, in a separate building. These buildings are very old and were dilapidated. We renovated, built two more floors, expanded horizontally as well as vertically to house our gigantic projects. The buildings are not going to be very durable besides we spend colossal amount of money for its day-to-day and annual maintenance. We apprehend the establishments may not stand a moderate earthquake. We are, indeed, worried about that although we have adequate disaster preparedness.

We have to have a New Hospital building (CMOSH Medical College Hospital). That is our **DREAM PROJECT**. The honourable Prime Minister laid the foundation stone of the building on 26th January 2013. Thereafter the construction started and the work is progressing although frequent strikes (niZvj) in the country specially in Chittagong is slowing down the progress, but we are at it and we are determined to finish the construction in time.

This is a grand project of 850 bedded modern general and specialised hospital with facilities for all kinds of treatments under one roof. This will be a 14-storied building having a total floor space of 5,50,000 sqft. This is a project of Tk. 192 crore. We have to procure this huge amount of money. The hospital will retain its character of 'not-for-profit' with free treatment facilities for the ultra-poor and affordable charges for all others.

I make a fervent call and appeal to all life members, philanthropic and benevolent people financial and business organisation to come forward to help us to complete **THE DREAM PROJECT**.

Thank you

**Prof. A.S.M. Fazlul Karim**
President, Executive Committee
Chattagram Maa-O-Shishu Hosptital
Agrabad, Chittagong.

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের সমাপনী উৎসব উপলক্ষে বর্ণাঢ্য আয়োজন

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের সমাপনী উৎসব ০৩/১২/২০১২ ইং তারিখ কলেজ ক্যাম্পাসে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে সম্পন্ন হয়। সকাল ১১.০০ ঘটিকায় জাতীয় পতাকা ও বেলুন উত্তোলনের মাধ্যমে দিনব্যাপি বর্ণাঢ্য অনুষ্ঠানমালার উদ্বোধন করেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম। এ উপলক্ষে বিকাল ৩.০০ ঘটিকার সময় এক আলোচনা সভা ও সার্টিফিকেট বিতরণ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির। অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ সেলিম মোঃ জাহাঙ্গীর, বিএমএ চট্টগ্রাম শাখার নবনির্বাচিত সভাপতি ডাঃ মুজিবুল হক খান, সাধারণ সম্পাদক ডাঃ মোঃ শরীফ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, নিঃসন্দেহে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ বাংলাদেশে অন্যতম একটি সেরা বেসরকারী মেডিকেল কলেজ। ইতিমধ্যে এ প্রতিষ্ঠানের লেখাপড়ার মান, শিক্ষক/শিক্ষিকা ও সার্বিক বিষয়ে বিএমডিসি সহ সরকারের সকল মহলে প্রশংসিত হয়েছে। তিনি এ হাসপাতাল ও মেডিকেল কলেজ প্রতিষ্ঠায় যারা অবদান রেখেছেন তাদেরকে আন্তরিক ধন্যবাদ জানান এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল এর জন্য সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সকল সহযোগিতার আশ্বাস প্রদান করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম বিভাগীয় স্বাস্থ্য পরিচালক ডাঃ শেখ সাহাবুদ্দিন, সিভিল সার্জন ডাঃ মোঃ আবু তৈয়ব, নব নির্বাচিত বিএমএ সহ সভাপতি ডাঃ মনোয়ারুল হক শামিম, ট্রেজারার ডাঃ আরিফুল আমীন, জয়েন্ট সেক্রেটারী ডাঃ মোঃ ফয়সাল ইকবাল চৌধুরী, হাসপাতালের কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট ডাঃ এম মাহফুজুর রহমান, জয়েন্ট জেনারেল সেক্রেটারী আলহাজ্ব নুর মোহাম্মদ, কার্যনির্বাহী কমিটির সদস্য জনাব মোঃ রেজাউল করিম আজাদ, ইঞ্জিঃ মোঃ জাবেদ আবছার চৌধুরী, ডাঃ মোঃ শাহাদাত হোসেন, মিসেস রেখা আলম চৌধুরী, জনাব এস এম কুতুব উদ্দিন, ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতাল, মেডিকেল কলেজ ও নার্সিং ইনস্টিটিউটের শিক্ষক/শিক্ষিকা, ছাত্র-ছাত্রী, ডাক্তার, নার্স, কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন। দিনব্যাপি বর্ণাঢ্য অনুষ্ঠানমালার মধ্যে মেডিকেল কলেজের ছাত্র/ছাত্রীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও সাব-জিরো ব্যান্ড দলের পরিবেশনায় ব্যান্ড সঙ্গীতের আয়োজন করা হয়। রাত ৯.৩০ ঘটিকায় বর্ণাঢ্য এই অনুষ্ঠানমালার সমাপ্তি ঘোষণা করা হয়। এই উপলক্ষ্যে দুপুরে ঐতিহ্যবাহী মেজবানের আয়োজন করা হয়।




*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বাস্থ্য পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির।*

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের ছাত্র ডাঃ শওকত আজাদকে এসএন্ডএফ করিম ট্রাষ্টের পক্ষ থেকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড প্রদান

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের ছাত্র ডাঃ শওকত আজাদকে এসএন্ডএফ করিম ট্রাষ্টের পক্ষ থেকে গোল্ড মেডেল এ্যাওয়ার্ড প্রদান করা হয়। গত ০৩/১২/২০১২ ইং তারিখ ১ম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে ট্রাষ্টের চেয়ারম্যান ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম আনুষ্ঠানিকভাবে ডাঃ শওকত আজাদকে উক্ত এ্যাওয়ার্ড প্রদান করেন। চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে ১ম বর্ষ থেকে ইন্টার্নীশিপ পর্যন্ত সার্বিক কার্যক্রম বিবেচনা করে ডাঃ শওকত আজাদকে এই এ্যাওয়ার্ড প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় সিনিয়র সচিব জনাব মুহাম্মদ হুমায়ুন কবির। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন হাসপাতালের কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, চট্টগ্রাম মেডিকেল কলেজের অধ্যক্ষ ডাঃ সেলিম মোঃ জাহাঙ্গীর, বিএমএ চট্টগ্রাম শাখার নবনির্বাচিত সভাপতি ডাঃ মুজিবুল হক খান, সাধারণ সম্পাদক ডাঃ মোঃ শরীফ, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল কার্যনির্বাহী কমিটির ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের অধ্যক্ষ প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ এবং হাসপাতাল ও মেডিকেল কলেজের শিক্ষক/শিক্ষিকা, ডাক্তার, কর্মকর্তা, কর্মচারী ও ছাত্র/ছাত্রীবৃন্দ। প্রফেসর এ এস এম ফজলুল করিম তাকে আন্তরিক অভিনন্দন জানান এবং আরো সামনের দিকে এগিয়ে যাওয়ার জন্য অনুপ্রেরণা দেন। গোল্ড মেডেল এ্যাওয়ার্ড প্রাপ্ত ডাঃ শওকত আজাদ তার প্রতিক্রিয়ায় গোল্ড মেডেল এ্যাওয়ার্ড এর জন্য তাকে মনোনিত করায় কর্তৃপক্ষকে আন্তরিক ধন্যবাদ জানান। উল্লেখ্য যে, এসএন্ডএফ করিম ট্রাস্টের পক্ষ থেকে প্রতিবছর ইন্টার্নীশীপ সমাপ্তকারী প্রত্যেক ব্যাচের একজন সেরা ছাত্র/ছাত্রীকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড প্রদান করা হয়।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ১ম ব্যাচের ছাত্র ডাঃ শওকত আজাদকে এসএন্ডএফ করিম ট্রাষ্টের পক্ষ থেকে গোল্ড মেডেল অ্যাওয়ার্ড প্রদান করে ট্রাস্টের চেয়ারম্যান ও কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম।*

# চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন প্রোগ্রাম অনুষ্ঠিত

গত ০৯.০১.২০১৩ তারিখে লেকচার গ্যালারীতে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ২০১২-২০১৩ (৮ম ব্যাচ) শিক্ষাবর্ষের এম.বি.বি.এস কোর্সের ওরিয়েন্টেশন প্রোগ্রাম পবিত্র কোরআন থেকে তেলোয়াতের মাধ্যমে শুরু হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম, সিনিয়র ভাইস-প্রেসিডেন্ট ও কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ অধ্যাপক এম.এ. তাহের খান, ভাইস-প্রেসিডেন্ট জনাব এস.এম. মোরশেদ হোসেন, কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ও গভর্নিং বডির ভাইস-চেয়ারম্যান/অনারারী ট্রেজারার ডাঃ আঞ্জুমান-আরা-ইসলাম, কার্যনির্বাহী কমিটির মেম্বার অধ্যাপক (ডাঃ) নূরজাহান ভূঁইয়া, গভর্নিং বডির মেম্বার অধ্যাপক বেনু কুমার দে এবং শিক্ষক/শিক্ষিকাদের পক্ষে বক্তব্য রাখেন এনাটমী বিভাগের বিভাগীয় প্রধান অধ্যাপক মমতাজ বেগম। অত্র মেডিকেল কলেজ থেকে পাশ করা গ্রাজুয়েট ডাঃ জান্নাতুন নূর জ্যোতি ও ডাঃ রাজিয়া সুলতানা রিপার প্রানবন্ত উপস্থাপনায় উক্ত অনুষ্ঠানে অভিভাবকবৃন্দের পক্ষ হতে বক্তব্য রাখেন প্রকৌশলী আশুতোষ নাথ। ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের ছাত্রদের পক্ষে বক্তব্য রাখেন সৈয়দ মোঃ আব্দুল কাইয়ুম এবং ছাত্রীদের পক্ষে বক্তব্য রাখেন তাসফিয়া মুমতাজ চৌধুরী।



*ওরিয়েন্টেশন প্রোগ্রামে বক্তব্য রাখছেন অধ্যাপক এ.এস.এম. ফজলুল করিম, অধ্যাপক এম.এ. তাহের খান, ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, জনাব এস.এম. মোরশেদ হোসাইন, অধ্যাপক সৈয়দা নূরজাহান ভূঁইয়া ও অধ্যাপক এ.এস.এম. মোস্তাক আহমেদ।*

বক্তারা বলেন যে, "চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল" সেবা খাতে বেসরকারি খাতের অংশ গ্রহণের একটি উজ্জ্বল দৃষ্টান্ত। সাফল্য সম্ভাবনাময়ী এবং জনহিতকর এই প্রতিষ্ঠান চিকিৎসা সেবা, চিকিৎসা শিক্ষা এবং দক্ষ নার্স তৈরীর ক্ষেত্রে এতদঞ্চলের মানুষের আশা আকাঙ্খার প্রতিক। দেশে বিদেশে অত্র মেডিকেল কলেজের নাম সমাদৃত হয়েছে। সফলতার আটটি বছর অতিক্রান্ত করছে-এই কলেজ। মেডিকেল শিক্ষায় দিক্ষিত করার মানসে অত্র মেডিকেল কলেজকে বেচে নেয়ার জন্য অভিভাবকদেরকে আন্তরিক অভিনন্দন জানানো হয়। শিক্ষক, ছাত্র এবং অভিভাকদের সমন্বয়ে মেডিকেল শিক্ষার ক্যারিয়ার উন্নত হয় বলে সভাতে অভিমত ব্যক্ত করা হয়। কার্যনির্বাহী কমিটি ও গভর্নিং বডির গতিশীল নেতৃত্বে সকলের সার্বিক সহযোগিতায় এবং স্বতঃস্ফূর্ত নিরলস ও নিঃস্বার্থ অংশ গ্রহণে এই প্রতিষ্ঠান ক্রমান্বয়ে দ্রুত সম্প্রসারণের দিকে এগিয়ে যাচ্ছে বলে বক্তারা অভিমত ব্যক্ত করেন। বক্তারা আরও বলেন যে, বিশ্বায়নের প্রক্রিয়ার সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ এর কার্যক্রম বাধা বিপত্তি ছাড়াই এগিয়ে যাবে। একটি অরাজনৈতিক এবং সুশৃঙ্খল চিকিৎসা প্রতিষ্ঠান যা স্বল্প সময়ে চিকিৎসা শিক্ষার ক্ষেত্রে প্রসার ও খ্যাতি লাভ করেছে। নিবিড় পরিচর্যায় দক্ষ, কর্মপ্রিয়, নীতিজ্ঞান সম্পন্ন আদর্শ চিকিৎসক তৈরীর ক্ষেত্রে এই প্রতিষ্ঠান নিঃসন্দেহে অনবদ্য ভূমিকা পালন করবে বলে অনুষ্ঠানে বক্তারা অভিমত ব্যক্ত করেন। রাজনৈতিক কার্যকলাপে সম্পৃক্ত, বিশৃংখলা ও অরাজকতা সৃষ্টি না করার জন্য নব ভর্তিকৃত ছাত্র/ছাত্রীদেরকে অনুরোধ জানানো হয়।

অনুষ্ঠানে কলেজের অধ্যক্ষ অধ্যাপক (ডাঃ) এ.এস.এম. মোস্তাক আহমেদ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজের ইতিহাস, অবকাঠামো সুযোগ সুবিধা, ছাত্র/ছাত্রীদের পেশাগত পরীক্ষার ফলাফল এবং ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের এম.বি.বি.এস কোর্সের কারিকুলামের উপর সংক্ষিপ্তভাবে মাল্টিমিডিয়া প্রেজেন্টেশণ এর মাধ্যমে বক্তব্য তুলে ধরেন। উক্ত অনুষ্ঠানে অত্র মেডিকেল কলেজের বিভাগওয়ারী প্রি-ক্লিনিক্যাল, প্যারা-ক্লিনিক্যাল এবং ক্লিনিক্যাল বিভাগ সমূহের সর্বস্তরের শিক্ষক/শিক্ষিকাদের অনুষ্ঠানে পরিচয় করিয়ে দেয়া হয়।

উক্ত প্রোগ্রামে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন কার্যনির্বাহী কমিটির মেম্বার ডাঃ মোঃ শাহাদাৎ হোসেন, জনাব এস.এম. কুতুব উদ্দিন, গভর্নিং বডির মেম্বার অধ্যাপক মাহমুদ আহমেদ চৌধুরী, অধ্যাপক অসীম কুমার বড়ুয়া ও অধ্যাপক ডাঃ মোঃ জাহিদ হোসেন শরীফ, হাসপাতালের ভারপ্রাপ্ত পরিচালক (প্রশাসন) ডাঃ মোঃ নূরুল হক প্রমুখ। এছাড়াও ২০১২-২০১৩ শিক্ষাবর্ষের (৮ম ব্যাচ) এম.বি.বি.এস কোর্সে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীসহ অভিভাবক, মেডিকেল কলেজের সর্বস্তরের শিক্ষক/শিক্ষিকাবৃন্দ, হাসপাতাল ও মেডিকেল কলেজের সর্বস্তরের কর্মকর্তা এবং কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী গত ৩১/১২/২০১২ ইং তারিখ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর উদ্যোগে পালন করা হয়। এ উপলক্ষে হাসপাতালের সেমিনার কক্ষে এক আলোচনা সভা হাসপাতালের কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন কার্যনির্বাহী কমিটির জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান-আরা ইসলাম, ভাইস প্রেসিডেন্ট জনাব এস এম মোরশেদ হোসেন, চমাশিহা মেডিকেল কলেজের প্রিন্সিপাল প্রফেসর এ এস এম মোস্তাক আহমেদ, ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর পরিচালক প্রফেসর মাহমুদ আহমেদ চৌধুরী (আরজু), শিশু স্বাস্থ্য বিভাগের অধ্যাপক ডাঃ ফরিদুল আলম, উপ-পরিচালক (নার্সিং) ডাঃ মোঃ লিয়াকত আলী ভূঁইয়া প্রমুখ। অনুষ্ঠানে হাসপাতালের প্রতিষ্ঠা লগ্ন থেকে যারা বিভিন্ন পর্যায়ে এ প্রতিষ্ঠানের সাথে জড়িত ছিলেন তাদের প্রতি গভীর শ্রদ্ধা জানানো হয় এবং হাসপাতালের উত্তরোত্তর সাফল্য ও সমৃদ্ধি কামনা করা হয়। ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে প্রতিষ্ঠাতা জেনারেল সেক্রেটারী ও বর্তমান প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম এবং জেনারেল সেক্রেটারী ডাঃ আঞ্জুমান আরা ইসলামকে ইনস্টিটিউট এর পক্ষ থেকে সম্মাননা ক্রেস্ট প্রদান করা হয়। এ উপলক্ষে হাসপাতালে আলোক সজ্জা, বাদ জোহর হাসপাতাল মসজিদে খতমে কোরআন ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়। এছাড়া গরীব রোগীদের জন্য দুপুরের খাবারের ব্যবস্থা, শিশুদের চকলেট বিতরণ ও কেক কাটার আয়োজন করা হয়।



*চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৩ তম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে হাসপাতালের কর্মকর্তা কর্মচারী ও কার্যনির্বাহী কমিটির সদস্য-সদস্যাগণকে নিয়ে কেক কাটছেন কার্যনির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এএসএম ফজলুল করিম ও জেনারেল সেক্রেটারী ডা. আঞ্জুমান-আরা ইসলাম।*

## জিপিএইচ ইস্পাতের সাথে মা ও শিশু হাসপাতালের কর্পোরেট চুক্তি স্বাক্ষর

গত ১৮ ডিসেম্বর ২০১২, সোমবার চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের সম্মেলন কক্ষে জিপিএইচ ইস্পাত লিঃ ও চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের মধ্যে একটি কর্পোরেট চুক্তি স্বাক্ষরিত হয়। এই চুক্তির আওতায় জিপিএইচ ইস্পাত লিঃ চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নির্মিতব্য ১৬ তলা ভবনের জন্য এম এস রড সরবরাহ করবে।

জিপিএইচ ইস্পাত লিঃ এর পক্ষে অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আলমাস শিমুল এবং চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের পক্ষে জেনারেল সেক্রেটারী ডা. আনজুমান আরা ইসলাম চুক্তিপত্রে স্বাক্ষর করেন। অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের নির্বাহী কমিটির প্রেসিডেন্ট প্রফেসর এ এস এম ফজলুল করিম, ভাইস প্রেসিডেন্ট প্রফেসর এম এ তাহের খান, এস এম মোরশেদ হোসেন, অনারারী প্রজেক্ট ডাইরেক্টর ও কার্যনির্বাহী সদস্য প্রকৌশলী আলী আশরাফ, প্রফেসর সৈয়দা নুরজাহান ভূঁইয়া, মো. রেজাউল করিম আজাদ, মিসেস রেখা আলম চৌধুরী, ডা. কামরুন নাহার দস্তগীর, এস এম কুতুব উদ্দিন, মো. আনোরুল ইসলাম এবং জিপিএইচ ইস্পাত লিঃ এর নির্বাহী পরিচালক আবু বকর সিদ্দিক, এফসিএ, সহকারী মহাব্যবস্থাপক জাহেদ আল আসবা, উর্ধ্বতন ব্যবস্থাপক প্রসুন কুমার দাসসহ আরো অনেকে। উল্লেখ্য যে, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল সম্পূর্ণ অলাভজনক ও জনসেবামূলক বেসরকারি প্রতিষ্ঠান।



*জিপিএইচ ইস্পাত-এর সাথে চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে স্ব-স্ব পক্ষে চুক্তিতে স্বাক্ষর করছেন জিপিএইচ ইস্পাত-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক আলমাস শিমুল ও ডা. আঞ্জুমান-আরা ইসলাম।*

## দৃষ্টি আকর্ষন

২রা মে ২০১৩ইং থেকে বিকাল বেলা রাত ৮টা পর্যন্ত হাসপাতালের বহিঃ বিভাগ খোলা থাকবে।

## CHATTAGRAM MAA-SHISHU O GENERAL HOSPITAL

Agrabad, Chittagong.

Hospital Activities for the Month **October to December 2012**

| Out Patient Dept. : | October '12 | November'12 | December'12 |
|---|---|---|---|
| Paediatric Medicine | 6649 | 4371 | 3724 |
| Adult Patient (Medicine) | 1393 | 1325 | 909 |
| Obs. & Gynae | 1651 | 1662 | 1508 |
| **Consultancy Service :** | | | |
| Surgical (Paediatric) | 493 | 477 | 474 |
| Surgical (General) | 415 | 351 | 359 |
| Mini O.T. | 433 | 423 | 340 |
| ENT | 837 | 805 | 567 |
| Orthopaedics | 670 | 580 | 567 |
| Skin Diseases | 523 | 539 | 488 |
| Eye | 417 | 507 | 386 |
| Dental Cases | 406 | 390 | 397 |
| Psychology | 41 | 51 | 42 |
| Neurology | 221 | 225 | 194 |
| Asthma Clinic | 75 | 338 | 217 |
| Family Planning | 194 | 211 | 231 |
| Psychiatry | 120 | 134 | 105 |
| Dots Corner | 66 | 60 | 75 |
| Spech Therapy | 39 | 38 | 49 |
| Physiotherapy | 323 | 325 | 696 |
| L.M.C | 75 | 40 | 60 |
| E.P.I | 1312 | 1280 | 1452 |
| **Total** | **6660** | **6774** | **6699** |
| **Referred Casses** | **423** | **407** | **286** |
| **In-Patient Dept. :** | | | |
| Paediatric (Admission) | 3280 | 3274 | 3088 |
| Maternity (Admission) | 530 | 563 | 508 |
| Neonatal (Admission) | 214 | 165 | 154 |
| Medicine (Admission) | 332 | 287 | 265 |
| CCU (Admission) | 29 | 39 | 30 |
| Paediatric Surgery (Admission) | 123 | 129 | 116 |
| Paediatric Surgery (Operation) | 98 | 130 | 102 |
| Operation Obs. & Gynae | 257 | 268 | 207 |
| General Surgery (Admission) | 134 | 132 | 109 |
| Orthopadic Surgery (Admission) | 52 | 70 | 51 |
| E.N.T. (Admission) | 18 | 20 | 17 |
| Eye (Admission) | - | - | - |
| Cabin (Admission) | 264 | 310 | 272 |
| **Total** | **5331** | **5387** | **4919** |
| **Departmental Performance** | | | |
| ORT | 60 | 52 | 50 |
| Pathology | 4140 | 4218 | 4278 |
| Radiology | 2125 | 1665 | 1494 |
| Ultrasanography | 561 | 553 | 595 |
| E.C.G | 400 | 250 | 270 |
| Kidney Dialysis | 185 | 200 | 205 |
| Echocardiogram | 49 | 35 | 37 |
| Emergency | 5802 | 3759 | 3735 |
| Total Deth | 42 | 65 | 65 |
| Hospital Income | 17068522 | 15813048 | 15175866 |
| Other Income | 345260 | 2803797 | 435870 |
| **Total Tk.** | **17413782** | **18616845** | **15611736** |

## DONORS OF October, November & December-2012

| Materials | October | November | December |
|---|---|---|---|
| Capt. Shafi Chowdhury (ECG lead infant) | 5600 | 0 | 0 |
| Prof. Dr. Mahmood A Chowdhury (Arzu) (Air Condition) | 15000 | 0 | 0 |
| **Total** | **20600** | **0** | **0** |

| Medicine Received | October | November | December |
|---|---|---|---|
| Prof Wazir Ahmed | 7117 | 0 | 0 |
| Prof M A Taher Khan | 9534 | 0 | 0 |
| Incepta Pharmaceuticals Ltd. | 0 | 9000 | 0 |
| Market Access Providers Ltd. | 0 | 0 | 156000 |
| Professor Dr. Badruddoza | 0 | 2902 | 0 |
| Opsonin Pharma Ltd | 0 | 1250 | 0 |
| Prof. Dr. Mahmood A Chowdhury (Arzu) | 0 | 0 | 1644 |
| **Total** | **16651** | **13152** | **157664** |

| Cash : | October | November | December |
|---|---|---|---|
| Mr. Al Maruf Khan (Presiden of CSE) | 0 | 0 | 100000 |
| GOB Grant (Ministry of Health) | 0 | 0 | 2500000 |
| Lions Club of Chittagong | 0 | 3600 | 0 |
| Mr. Arshad Jamal (For Endoscopy Machine) | 0 | 2000000 | 0 |
| Perkins International | 0 | 257898 | 0 |
| **Total** | **0** | **2261498** | **2600000** |
| **Donation of the Month** | **37251** | **2274650** | **2757664** |

| Benevolent Fund Received | October | November | December |
|---|---|---|---|
| Received From M. R. Card | 58570 | 61780 | 43370 |
| Chittagong Sunshine School & College | 0 | 5000 | 0 |
| Mr. Md. Rahim | 20 | 0 | 0 |
| Mrs. Nadera Banu Begum | 0 | 10000 | 10000 |
| Prof. Dr. Jafrul Hannan (Liton) | 0 | 3690 | 4860 |
| Dr. Nusrat Yeasmin | 0 | 0 | 850 |
| Matron & All Nursing Staff (CMOSH) | 0 | 1200 | 0 |
| Director & All other Staff (CMOSOGH) | 14700 | 14925 | 15085 |
| Haji Sirajul Islam | 0 | 0 | 1000 |
| **Total** | **73290** | **96595** | **75165** |
| **Zakat Received** | **105500** | **12000** | **2000** |

**BOOK POST / PRINTED MATTERS**

To,

Postage

If undelivered please return to:

**Chattagram Maa-O-Shishu Hospital**

Jamboree Field, Agrabad, Chittagong, Bangladesh.

Phone : 880-31-718521 / 718525/711236/2520063, Fax : 880-31-2525409

E-mail : cmosh@globalctg.net **Web Site : www.maa-shishu-ctg.org**

## চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ঃ সাফল্যের ৩৩ বছরে পদার্পণ

ডা. আঞ্জুমান-আরা ইসলাম

"চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল" চট্টগ্রাম শহরের আগ্রাবাদ এলাকায় অবস্থিত সম্পূর্ণ বেসরকারি উদ্যোগে প্রতিষ্ঠিত একটি স্বেচ্ছাসেবী, জনহিতকর ও সেবামূলক হাসপাতাল। জনসাধারণের অর্থানুকূল্যে এটি পরিচালিত হচ্ছে। ১৯৭৯ সালের ৩১ ডিসেম্বর আন্তর্জাতিক শিশু বর্ষ উপলক্ষে চট্টগ্রামের কিছু মহৎ প্রাণ ব্যক্তির উদ্যোগে এই হাসপাতাল প্রতিষ্ঠা লাভ করে। ইতিমধ্যে মা ও শিশু হাসপাতাল প্রতিষ্ঠার ৩৩ বছর অতিক্রান্ত হয়েছে। প্রাথমিকভাবে শুধুমাত্র শিশু স্বাস্থ্য বহির্বিভাগের মাধ্যমে এর যাত্রা শুরু হলেও বর্তমানে এটি ৫০০ শয্যা বিশিষ্ট একটি পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল হিসেবে পরিচালিত হচ্ছে। অত্র হাসপাতালে বর্তমানে বহির্বিভাগে শিশু স্বাস্থ্য, মেডিসিন অবস্ এন্ড গাইনী, জেনারেল সার্জারী, শিশু সার্জারী, অর্থোপেডিক সার্জারী, নাক-কান-গলা, চক্ষু, দন্ত, চর্ম ও যৌন রোগ, শিশু বিকাশ কেন্দ্র, মানসিক রোগ, এ্যাজমা ক্লিনিক, ল্যাকটেশন ম্যানেজমেন্ট সেন্টার, ইপিআই প্রোগ্রাম, ডটস কর্ণার, ব্লাড ব্যাংক ইত্যাদি এবং আন্তঃ বিভাগে মেডিসিন, শিশু স্বাস্থ্য, নিউনেটলজি, শিশু নিউরোলজি, অবস্ এন্ড গাইনী, জেনারেল সার্জারী, শিশু সার্জারী, অর্থোপেডিক সার্জারী, নাক-কান-গলা ও চক্ষু বিভাগের চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। শিশু স্বাস্থ্য বিভাগে সকল বিশেষায়িত চিকিৎসা সেবার ব্যবস্থা রয়েছে। এছাড়া সিসিইউ, এনআইসিইউ, শিশু আইসিইউ, হেমোডায়ালাইসিস ইউনিট, ইউরোলজি, প্লাস্টিক সার্জারীসহ বিভিন্ন বিশেষায়িত চিকিৎসা সেবা বিদ্যমান। ভবিষ্যতে আরো নতুন নতুন বিশেষায়িত চিকিৎসা সেবা চালু করা হবে।

অসহায়, দুঃস্থ ও গরীব রোগীদের সম্পূর্ণ বিনামূল্যে এখানে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া গরীব রোগীদের প্রযোজ্য ক্ষেত্রে যাকাত ফান্ড ও দরিদ্র কল্যাণ তহবিল থেকে ঔষুধপত্র সরবরাহ করা হয়ে থাকে। অন্যান্য রোগীদের ক্ষেত্রেও অত্যন্ত কম মূল্যে বা নামমাত্র মূল্যে সকল চিকিৎসা সেবা প্রদানের ব্যবস্থা রয়েছে। অর্থাৎ কোনো রোগী অর্থাভাবে চিকিৎসা সেবা থেকে বঞ্চিত হবেনা-এটি এই প্রতিষ্ঠানের একটি অন্যতম লক্ষ্য।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের অধীনে নিম্নবর্ণিত প্রকল্প সমূহ অত্যন্ত সফল ও সুনামের সাথে পরিচালিত হচ্ছে।

১. চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল মেডিকেল কলেজ ২. চট্টগ্রাম মা-শিশু ও জেনারেল হাসপাতাল (৫৫০ শয্যাবিশিষ্ট পূর্ণাঙ্গ জেনারেল হাসপাতাল) ৩. চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল নার্সিং ইনষ্টিটিউট ও ৪. চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল ইনষ্টিটিউট অব চাইল্ড হেলথ এর অধীনে বর্তমানে ডিসিএইচ কোর্স চালু আছে। এমডি (শিশু স্বাস্থ্য) কোর্স চালু করার জন্য ইতিমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় অনুমোদন প্রদান করেছেন। এছাড়া হাসপাতালের মেডিসিন, শিশু স্বাস্থ্য, জেনারেল সার্জারী, অর্থোপেডিক সার্জারী, শিশু সার্জারী, নিওনেটলজি, শিশু নিওরোলজি ও অবস্ এন্ড গাইনী বিভাগের প্রশিক্ষণ বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ান এন্ড সার্জন কর্তৃক স্বীকৃত ও অনুমোদিত।

ভবিষ্যতে এখানে নতুন বিশেষায়িত চিকিৎসা সেবাসহ একটি পূর্ণাঙ্গ মেডিকেল ভিলেজ হিসেবে প্রতিষ্ঠার জন্য পরিকল্পনা নেওয়া হয়েছে। সে লক্ষ্যে হাসপাতালে একটি মাষ্টার প্ল্যান অনুযায়ী ৮৫০ শয্যা বিশিষ্ট নতুন হাসপাতাল ভবনের নির্মাণ কাজ শুরু করা হয়েছে। নতুন হাসপাতাল ভবন নির্মিত হলে তা এই অঞ্চলে সরকারের পাশাপাশি বেসরকারী পর্যায়ে স্বাস্থ্য সেবা প্রদানে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। হাসপাতালের অগ্রযাত্রায় সকল আজীবন সদস্য/সদস্যা পৃষ্ঠপোষক, দাতা ও শুভানুধ্যায়ীদের মূল্যবান পরামর্শ ও আন্তরিক সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

এখানে উল্লেখ্য, চট্টগ্রাম মা ও শিশু হাসপাতাল গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সমাজ কল্যাণ বিভাগ কর্তৃক নিবন্ধনকৃত। ইহার নম্বর চট্ট-১০২১/১৯৮৩। হাসপাতালের প্রায় ৯ হাজার আজীবন সদস্য/সদস্যা রয়েছে। আজীবন সদস্য/সদস্যাদের প্রত্যক্ষ ভোটে ৩ বছর মেয়াদের জন্য নির্বাচিত ২২ সদস্য বিশিষ্ট কার্যনির্বাহী কমিটি হাসপাতালের সামগ্রিক কর্মকান্ড পরিচালনা করে থাকেন।

চট্টগ্রাম মা ও শিশু হাসপাতালের ৩৩তম প্রতিষ্ঠা বার্ষিকীতে হাসপাতালের সকল আজীবন সদস্য/সদস্যা, পৃষ্ঠপোষক, দাতা ও সকল শুভানুধ্যায়ীদের প্রতি রইল অনেক অনেক শুভেচ্ছা।

**EDITORIAL BOARD :**

Chief Editor : **Dr. Anjuman Ara Islam** • Executive Editor **: Nur Mohammad,**

Editor : **Md. Rezaul Karim Azad** • Published by : **Engineer Md. Jabed Absar Chowdhury**

Printed by : **Pack Art & Roby Printers. Phone : 626333**